


# একুশ আমার অহংকার

## কামরুল মান্নান আকাশ



"আমার ভাইয়ের রক্তে রাঙালো একুশে ফেরুয়ারি, আমি কি ভুলিতে পারি"-একুশে ফেরুয়ারি ভোলার মত নয়, কিছুতেই ভোলা যায় না। বাংলাদেশের ইতিহাসে এ এক অনন্য গৌরব গাঁথা। তাই একুশ আমাদের কাছে শুধু একটি সংখ্যা বা দিন নয় আমাদের অস্তিত্ব আমাদের অহংকার। একুশ মানে মাথা নত না করা, একুশ মানে নিজের অধিকার আদায়ের সংগ্রামে অবিচল থাকা।

একুশে ফেরুয়ারি বাঙালির হাজার বছরের ইতিহাসে যেমন শোকের তেমনি বিজয়ের একটি দিন। মায়ের ভাষায় কথা বলার অধিকার আদায় করতে যেয়ে এই দিনে যারা জীবন বিলিয়ে দিয়েছিলেন সেই সব বীর শহীদদের জাতি স্মরণ করে গভীর শ্রদ্ধায়। বাংলাদেশের এই অমর একুশের শহীদ দিবসটি আজ গোটা বিশ্বে পালিত হচ্ছে আন্তর্জাতিক মাত্র ভাষা দিবস হিসাবে। পৃথিবীর বিভিন্ন দেশে ছড়িয়ে থাকা বাঙালিরা এই দিনটি পালন করে যথাযোগ্য মর্যাদায়। সিডনিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্রদের সংগঠন “ঢাকা ইউনিভার্সিটি এলামনাই এ্যামেসিয়েশন অক্টোবর” এই দিনটি পালন করে গভীর শ্রদ্ধায়। গত ১৯ শে ফেরুয়ারি সকাল ৯ টায় এশফিল্ড পার্কে অবস্থিত আন্তর্জাতিক মাত্রভাষা স্মৃতিসৌধে সমবেত হয় সিডনী প্রবাসী ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্ররা। একুশের গান গেয়ে হাতে ফুল নিয়ে সবাই সামিল হয় প্রভাত ফেরীতে। ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে স্মৃতিসৌধে অর্পণ করে পুষ্পস্তবক। প্রভাত ফেরীতে অংশ নেন সংগঠনের সাধারণ সম্পাদক আনিস মজুমদার, সহসভাপতি মাহমুদুল হক, সাংস্কৃতিক

সম্পাদক কামরুল মাল্লান আকাশ, কার্যকরী সদস্য খায়রুল আলম, হায়াত মাহমুদ, লায়লা  
আরজুমান সহ ঢাকা বিশ্ববিদ্যালয় পরিবারের সদস্যরা।

